UAP-PRD

May 11, 20017

# তথ্যপ্রযুক্তি খাতে প্রতিবন্ধীদের কাজের সুযোগ রয়েছে

০৭ মে ২০১৭, ০১:২৬

প্রিন্ট সংস্করণ



প্রতিযোগীদের মনযোগ কম্পিউটারে। প্রযুক্তিবিষয়ক বিভিন্ন সমস্যার সমাধান করছেন তাঁরা। সংগৃহীত‘তথ্য ও

যোগাযোগপ্রযুক্তি (আইসিটি) খাতে প্রতিবন্ধীদের কাজ করার সুযোগ রয়েছে। প্রযুক্তি ব্যবহারে তাঁদের যাতে কোনো ধরনের প্রতিবন্ধকতা না থাকে, সে জন্য আমরা প্রতিবন্ধীদের সহযোগিতা করব।' যুব প্রতিবন্ধীদের নিয়ে জাতীয় তথ্যপ্রযুক্তি প্রতিযোগিতা শেষে পুরস্কার প্রদান অনুষ্ঠানে এ কথা বলেন ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) উপাচার্য জামিলুর রেজা চৌধুরী।

ইউএপিতে গতকাল শনিবার এই প্রতিযোগিতার আয়োজন করে সরকারের আইসিটি বিভাগ। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), সেন্টার ফর সার্ভিসেস অ্যান্ড ইনফরমেশন অন ডিজঅ্যাবিলিটি (সিএসআইডি) এবং ইউএপি প্রতিযোগিতা আয়োজনে সহযোগিতা করে।

দৃষ্টিপ্রতিবন্ধী, শারীরিক প্রতিবন্ধী, বাক্ ও শ্রবণপ্রতিবন্ধী এবং নিউরো ডেভেলপমেন্ট (অটিজম) প্রতিবন্ধী—এই চার বিভাগে সারা দেশ থেকে ৮১ জন প্রতিযোগী এই প্রতিযোগিতায় অংশ নেন। মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেটের নানা বিষয়ে প্রতিযোগীদের দক্ষতা দেখে বিচার করা হয়েছে।

দৃষ্টিপ্রতিবন্ধী বিভাগে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় হয়েছেন যথাক্রমে মুখলেছুর রহমান, আব্দুল্লাহ আল নোমান ও সহদেব কুমার। মো. মোল্লা আবু শামিম, সুব্রত কির্ত্তনীয়া ও মো. ইমরান হোসেন শারীরিক প্রতিবন্ধী বিভাগে যথাক্রমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় হয়েছেন। বাক্ ও শ্রবণপ্রতিবন্ধী বিভাগে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় হয়েছেন যথাক্রমে সানজিদা আক্তার ঝিনুক, কাজী আদনান হোসেন ও মো. সুজন। অটিজম বিভাগে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় হয়েছেন যথাক্রমে অমিত সুজাউদ্দিন তুরাগ, জাহিদুল ইসলাম তুহিন ও রিশতা গালিব। এ ছাড়া বাক্ ও শ্রবণপ্রতিবন্ধী ফারহান ইকবালকে বিশেষ পুরস্কার দেওয়া হয়।

অনুষ্ঠানের প্রধান অতিথি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব জিল্লার রহমান বলেন, দেশে ৩৫ লাখ ৩০ হাজার প্রতিবন্ধী রয়েছে। এরা বোঁঝা নয়। তাদের বেড়ে ওঠায় সরকার সহযোগিতা করছে। এতে আরও বক্তব্য দেন বিসিসির নির্বাহী পরিচালক স্বপন কুমার সরকার, আইসিটি বিভাগের অতিরিক্ত সচিব মো. হারুনুর রশীদ, ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন কাইয়ুম রেজা চৌধুরী, সিএসআইডির নির্বাহী পরিচালক জহুরুল আলম। বিসিসি পরিচালিত বিশেষ কোর্সে বিজয়ীরা প্রশিক্ষণের সুযোগ পাবেন। পরবর্তী সময়ে এই ১২ জন থেকে নির্বাচিত ৪ জন সুযোগ পাবেন আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের।

The Daily Star

# Participation of differently-abled youths in IT sector a must

*Says Prof Jamilur Reza*

STAFF CORRESPONDENT

The participation of differently-abled youths in information and technology (IT) sector is necessary to take the country ahead, said noted civil engineer Prof Jamilur Reza Choudhury yesterday at a national IT competition for youths with disabilities.

The competition was jointly organised for the second time by Bangladesh Computer Council (BCC) with the help of Centre for Services and Information on Disability (CSID) and the University of Asia Pacific (UAP) on the university campus in the capital.

Youths are the driving force of the country and a portion of them is differently-abled, he said.

To gain the momentum in development, differently-abled youths also need to be

SEE PAGE 5 COL 5

# Participation of differently

FROM PAGE 3

assisted in participating in the IT sector so that they can contribute to the social progress, said Jamilur, also the VC of UAP.

He said the technology for differently-abled people were not friendly even a few years back, but the scenario is changing as new technological dimensions are being added.

A total of 81 differently-abled youths, aged between 13 and 19, took part in the competition this year in four categories. Twelve of them became winners and received Tk 30,000 and a smart phone each.

http://epaper.thedailystar.net/index.php?opt=view&page=3&date=2017-05-07

The Daily Star

SHOUT

## UAP hosts National IT Competition

A day-long National IT Competition for Youth with Disabilities was held at UAP Plaza on May 6, 2017. The competition was jointly organised for the second time by Bangladesh Computer Council (BCC) with the help of Centre for Services and Information on Disability (CSID) and University of Asia Pacific.

This year, a total of 81 participants, aged between 13 and 19, took part in the competition this year in four categories: Visual Impairment, Physical Impairment, Speech and Hearing Impairment, and Neuro and Development Disabilities (Autistic or Autism). All contestants participating in the competition worked on Microsoft Word, Excel, PowerPoint and the internet.

In Visual Impairment, Mukhlesur Rahman, Abdullah Al Noman and Sohodeb Kumar won top three positions. Md. Mollah Abu Shamim, Subroto Kirtoniya and Md. Imran Hossain from Physical Impairment have secured positions while Sanjida Akhtar Jinuk, Kazi Adnan Hossain, and Md. Sujan have won prizes in Neuro and Development and Amit Sujauddin Turag, Zahidul Islam Tuhin, and Rishta Galib got the prizes in Speech and Hearing Impairment respectively.

http://www.thedailystar.net/shout/bulletin-board/bulletin-board-1403620

NEWAGE
THE OUTSPOKEN DAILY

# A convention for youth with disabilities at UAP

May 14, 2017 12:03 pm




On May 06, youth with disabilities gathered at the Plaza of University of Asia Pacific to participate in a daylong national IT competition for youth with disabilities. The competition was jointly organised for the second time by Bangladesh Computer Council with the help of Centre for Services and Information on Disability and UAP.

This year, a total of 81 differently-abled youths, aged between 13 and 19, took part in the competition in four categories. Twelve of them became winners and received Tk 30,000 and a smart phone each. The categories were: visual impairment, physical impairment, speech and hearing impairment, and neuro and development disabilities (autistic or autism). All contestants participating in the competition worked on Microsoft Word, Excel, PowerPoint and Internet.

While addressing the gathering as the chair of the prize giving ceremony of the competition and the vice chancellor, of UAP professor Jamilur Reza Choudhury said, Day-to-day, they are developing their skills and prove themselves as competent and efficient in this sector. In the days to come, we will help these youths so that they can easily access to use the technology.

The chief guest of the closing session Zillar Rahman said, our country has a number of 35 lacs autistics. They are burden. Government is helping these disabilities out to improve their skills. These winners will get an opportunity to take a course conducted by Bangladesh Computer Council and 4 applicants among them will compete globally.

http://youth.newagebd.net/3780/convention-youth-disabilities-uap/

দৈনিক ইত্তেফাক

যুব প্রতিবন্ধী আইটি প্রতিযোগিতায় বিজয়ীদের প্রশিক্ষণ দেবে বিসিসি

০৭ মে, ২০১৭ ইং




বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগ দ্বিতীয় বারের মতো দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের আইটি প্রতিযোগিতার আয়োজন করেছে। গতকাল রাজধানী ঢাকার ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিক এর ক্যাম্পাসে শুরু হয় সারা দেশে থেকে আগত ৮১ জন প্রতিবন্ধীদের নিয়ে জাতীয় আইটি প্রতিযোগিতা ২০১৭। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতার উদ্বোধন করেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) নির্বাহী পরিচালক স্বপন কুমার সরকার। তিনি বলেন, ‘বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহন করেছে। এ প্রতিযোগিতা তারই অংশ। এ প্রতিযোগিতা প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে আইটি চর্চা উত্সাহিত করবে এবং তাঁদের সক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করবে।’ তিনি আরও বলেন, ‘সারা দেশে এ প্রতিযোগিতার বিষয়ে ব্যাপক আগ্রহ সৃষ্টি হয়েছে। যারা এই প্রতিযোগিতায় বিজয়ী হবেন তাদের বিসিসির পক্ষ থেকে উচ্চতর প্রশিক্ষণ ও চাকরি মেলায় অংশগ্রহনের সুযোগ দেয়া হবে।’ এর আগে বিসিসির পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) মোহাম্মদ এনামুল কবির এর স্বাগত বক্তব্যের মাধ্যমে উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয়। উক্ত অনুষ্ঠানে ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এমআর কবিরের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ডিজএবিলিটি কাউন্সিল ইন্টারন্যাশনালের এক্সিকিউটিভ বোর্ড সদস্য মনসুর আহমেদ চৌধুরী। এই অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, আইসিটি প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি, ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. জামিলুর রেজা চৌধুরী, আইসিটি বিভাগের অতিরিক্ত সচিব জনাব মো. হারুনুর রশীদ প্রমুখ। প্রতিযোগিতা সম্পর্কে বিস্তারিত জানতে ভিজিট করতে পারেন www.bcc.gov.bd এই ওয়েবসাইটটিতে।

http://www.ittefaq.com.bd/print-edition/it-corner/2017/05/07/193710.html

দৈনিক জনকণ্ঠ
The Daily Janakantha

# যুব প্রতিবন্ধীদের নিয়ে জাতীয় আইসিটি প্রতিযোগিতা

প্রকাশিত : ৬ জুন ২০১৬

Print New 0 0 Google +0 0

বিজয়ীদের নগদ অর্থ ও সার্টিফিকেট প্রদান

স্টাফ রিপোর্টার ॥ প্রথমবারের মতো দেশে আয়োজিত যুব প্রতিবন্ধীদের নিয়ে জাতীয় 'আইসিটি প্রতিযোগিতা-২০১৬' শেষ হয়েছে। যুব প্রতিবন্ধীদের নিয়ে চারটি ক্যাটাগরিতে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়। এর মধ্যে ১৩ দৃষ্টিপ্রতিবন্ধী নিয়ে প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে নীলফামারীর সাইফুল ইসলাম। ১৭ জন বাক ও শ্রবণ প্রতিবন্ধীর মধ্যে চ্যাম্পিয়ন হয়েছে চট্টগ্রামের ফটিকছড়ি উপজেলার মোঃ আরমান কামাল। ১৪ জন নিউরো ডেভেলপমেন্টাল (অটিস্টিক বা অটিজম) প্রতিবন্ধীর মধ্যে চ্যাম্পিয়ন হয়েছে চট্টগ্রাম সেনানিবাসের রাফিদ আহসান। ১৪ জন শারীরিক প্রতিবন্ধীর মধ্যে চ্যাম্পিয়ান হয়েছে পটুয়াখালী জেলার পবঙ্গাশিয়া গ্রামের কাজী নুসরাত সিনতিয়া। প্রত্যেক ক্যাটাগরির চ্যাম্পিয়নকে ৪০ হাজার টাকা, ক্রেস্ট ও সার্টিফিকেট দেয়া হয়েছে।

দৃষ্টিপ্রতিবন্ধী ক্যাটাগরিতে দ্বিতীয় হয়েছেন লালমনিরহাটের মোকলেছুর ও তৃতীয় স্থান লাভ করেছেন বরিশালের জাহিদুল ইসলাম। ১৭ জন বাক ও শ্রবণ প্রতিবন্ধীর মধ্যে যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় হয়েছেন বগুড়া জেলার সামুরা ও ঢাকার সাকিব খান। নিউরো ডেভেলপমেন্টাল (অটিস্টক ও অটিজম) ক্যাটাগরিতে মোট ১৪ জন প্রতিযোগী অংশগ্রহণ করেন। এ প্রতিযোগিতায় দ্বিতীয় ও তৃতীয় হয়েছেন ঢাকার দুই প্রতিযোগী। এরা হলেন- এসএম ফেরদৌস ইকরাম (ফয়সাল) এবং রিশতা গালিব। শারীরিক প্রতিবন্ধী ১৪ জনের মধ্যে গাজীপুর জেলার মোঃ খালেদ হোসেন দ্বিতীয় ও ময়মনসিংহ জেলার মোঃ শরিফুল ইসলাম তৃতীয় স্থান লাভ করেছেন। প্রত্যেক ক্যাটাগরির দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী প্রতিযোগীকে যথাক্রমে ৩০ হাজার ও ২০ হাজার টাকা করে পুরস্কার, ক্রেস্ট এবং সার্টিফিকেট দেয়া হয়। এছাড়া প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রত্যেককে সার্টিফিকেট ও পেনড্রাইভ দেয়া হয়েছে। তথ্যপ্রযুক্তি বিভাগ জানিয়েছে, গত ৪ জুন শনিবার রাজধানী ঢাকার ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক গ্রীন রোড ক্যাম্পাসে দিনব্যাপী যুব প্রতিবন্ধীদের নিয়ে জাতীয় আইসিটি প্রতিযোগিতায় সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জুনাইদ আহমেদ পলক বলেন, বর্তমান সরকার প্রতিবন্ধী ব্যক্তিদের সমাজের মূলধারায় সম্পৃক্ত করে যাচ্ছে। সেই প্রেক্ষাপটে আইসিটি বিভাগ থেকে প্রতিবন্ধীদের কল্যাণে বিভিন্ন উদ্যোগ হাতে

নেয়া হয়েছে। আইসিটি বিভাগের উদ্যোগগুলোর মধ্যে অন্যতম হলো প্রতিবন্ধীদের জন্য আইটি সক্ষমতা উন্নয়নের সুযোগ সৃষ্টি। বর্তমান সরকার প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সুরক্ষায় যথাযথ গুরুত্ব দিচ্ছে। বাংলাদেশ সরকার ২০১৩ সালে প্রতিবন্ধী সুরক্ষা বিষয়ক আইন পাস করেছে, যা সমাজে প্রতিবন্ধী ভাই-বোনদের অধিকার প্রতিষ্ঠায় একটি উল্লেখযোগ্য সংযোজন। আজকের এ প্রতিযোগিতা আমাদের আইটি জগতের অগ্রযাত্রায় একটি মাইলফলক বলে আমি মনে করি। যারা বিজয়ী হয়েছেন তাদের আগাম অভিনন্দন জানাচ্ছি। বিজয়ীদের মধ্য হতে একটি দল নির্বাচন করা হবে যারা আন্তর্জাতিক পর্যায়ে অংশগ্রহণ করবে বলে প্রতিমন্ত্রী জানান।

আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, সারাদেশ থেকে আগত মোট ৫২ জন প্রতিযোগী চারটি ক্যাটাগরিতে প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। বিজয়ী প্রতিযোগীদের মধ্য হতে দক্ষতার ভিত্তিতে আগামী নবেম্বর মাসে চীনে অনুষ্ঠেয় আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। এছাড়া অংশগ্রহণকারীদের মধ্য হতে দক্ষতার ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত উচ্চতর কোর্সে বিনা ফি'তে অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

http://www.dailyjanakantha.com/details/article/195681/%E0%A6%AF%E0%A7%81%E0%A6%AC-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%AC%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A7%E0%A7%80%E0%A6%A6%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%A8%E0%A6%BF%E0%A7%9F%E0%A7%87-%E0%A6%9C%E0%A6%BE%E0%A6%A4%E0%A7%80%E0%A7%9F-%E0%A6%86%E0%A6%87%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%9F%E0%A6%BF-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%AF%E0%A7%8B%E0%A6%97%E0%A6%BF%E0%A6%A4%E0%A6%BE#sthash.nlNqGK0C.dpuf

# কালের কণ্ঠ

প্রতিবন্ধীদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা

আগামীকাল শনিবার ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে শুরু হচ্ছে যুব প্রতিবন্ধীদের নিয়ে দিনব্যাপী আইটি প্রতিযোগিতা। তথ্য-প্রযুক্তি বিষয়ে প্রতিবন্ধীদের আগ্রহী করে তোলার পাশাপাশি দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তুলতে যৌথভাবে এ প্রতিযোগিতার আয়োজন করছে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), সেন্টার ফর সার্ভিসেস অ্যান্ড ইনফরমেশন অন ডিজ-অ্যাবিলিটি (সিএসআইডি) ও ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক। দ্বিতীয়বারের মতো অনুষ্ঠেয় এ প্রতিযোগিতায় সারা দেশ থেকে ৮০ জন প্রতিযোগী 'দৃষ্টি', 'শারীরিক', 'বাক ও শ্রবণ' এবং 'নিউরো ডেভেলপমেন্টাল ডিজ-অ্যাবিলিটি' বিভাগে অংশ নেবে। প্রতিটি বিভাগের সেরা তিন বিজয়ীকে পুরস্কার ও সম্মাননার পাশাপাশি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে বিশেষ প্রশিক্ষণ দেওয়া হবে।

http://www.kalerkantho.com/print-edition/tech-everyday/2017/05/05/494073

www.shokalerkhobor24.com সত্য আমাদের শক্তি
সকালের খবর

## প্রতিবন্ধীদের আইটি প্রতিযোগিতা

Published : 2017-05-06 22:19:00, Count : 13 নিজস্ব প্রতিবেদক:

বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগ দ্বিতীয়বারের মতো দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের আইটি প্রতিযোগিতার আয়োজন করেছে। গতকাল সকালে রাজধানী ঢাকার ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক গ্রিন রোডের ক্যাম্পাসে শুরু হয় সারাদেশ থেকে আসা ৮১ প্রতিবন্ধীকে নিয়ে জাতীয় আইটি প্রতিযোগিতা ২০১৭। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে প্রতিযোগিতার উদ্বোধন করেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) নির্বাহী পরিচালক স্বপন কুমার সরকার। তিনি বলেন, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। এ প্রতিযোগিতা তারই অংশ। এ প্রতিযোগিতা প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে আইটি চর্চা উত্সাহিত করবে এবং তাদের সক্ষমতা বাড়াতে সাহায্য করবে। তিনি আরও বলেন, সারাদেশে এ প্রতিযোগিতার বিষয়ে ব্যাপক আগ্রহ সৃষ্টি হয়েছে। যারা এই প্রতিযোগিতায় বিজয়ী হবেন তাদের বিসিসির পক্ষ থেকে উচ্চতর প্রশিক্ষণ ও চাকরি মেলায় অংশ নেওয়ার সুযোগ দেওয়া হবে। এর আগে বিসিসির পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) মোহাম্মদ এনামুল কবিরের স্বাগত বক্তব্যের মাধ্যমে উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম আর কবিরের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন ডিজএবিলিটি কাউন্সিল ইন্টারন্যাশনালের এক্সিকিউটিভ বোর্ড সদস্য মনসুর আহমেদ চৌধুরী। সভাপতির বক্তব্যে প্রফেসর ড. এম আর কবির বলেন, এ প্রতিযোগিতায় অংশগ্রহণকারীরা আমাদের ভাইবোন অথবা সন্তান। এরা আমাদের সমাজের অংশ এবং এ বৃহত্ অংশকে বাদ দিয়ে সমাজের উন্নয়ন সম্ভব নয়। গত বছরের প্রথম আয়োজনে আমাদের বিশ্ববিদ্যালয় সম্পৃক্ত ছিল। এবারও এ আয়োজন ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে অনুষ্ঠিত হচ্ছে। আগামীতেও এ আয়োজনের সঙ্গে থাকতে পারলে আমরা খুশি হব। তিনি আরও বলেন, প্রতিবন্ধী জনগোষ্ঠীকে এগিয়ে নেওয়ার জন্য এ আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। প্রতিযোগীরা চারটি ক্যাটাগরি-দৃষ্টিপ্রতিবন্ধী, শারীরিক প্রতিবন্ধী, বাক ও শ্রবণ প্রতিবন্ধী এবং নিউরো ডেভেলপমেন্টাল ডিজএবিলিটিতে (এনডিডি) অংশগ্রহণ করছে। সব ক্যাটাগরিতে প্রতিযোগীদের মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট বিষয়ক প্রশ্নের সমাধান করতে হবে। প্রত্যেক ক্যাটাগরি থেকে সেরা তিনজনকে অর্থ, ক্রেস্ট, সার্টিফিকেট ও কিছু আকর্ষণীয় পুরস্কার দেওয়া হবে।

http://www.shokalerkhobor24.com/news/5996-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%AC%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A7%E0%A7%80%E0%A6%A6%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%86%E0%A6%87%E0%A6%9F%E0%A6%BF-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%AF%E0%A7%8B%E0%A6%97%E0%A6%BF%E0%A6%A4%E0%A6%BE

THE DAILY JUGANTOR

## আগামীকাল যুব প্রতিবন্ধী জাতীয় আইটি প্রতিযোগিতা ২০১৭

বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগ দ্বিতীয়বারের মতো দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের আইটি প্রতিযোগিতার আয়োজন করতে যাচ্ছে। এ প্রতিযোগিতা দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে আইসিটি চর্চা ব্যাপকভাবে সম্প্রসারণ ঘটাবে এবং বর্তমান সরকার প্রতিশ্রুতি ডিজিটাল বাংলাদেশের উপযুক্ত মানবসম্পদ হিসেবে প্রতিবন্ধী ব্যক্তিদের প্রস্তুতির ক্ষেত্রে অত্যন্ত সহায়ক হবে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), দেশীয় এনজিও সেন্টার ফর সার্ভিসেস অ্যান্ড ইনফরমেশন অন ডিজঅ্যাবিলিটি (সিএসআইডি) ও ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের সঙ্গে যৌথভাবে এ প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে। আগামী ৬ মে ২০১৭ শনিবার সকাল ৮টা ৪৫ মিনিট থেকে বিকাল ৪টা পর্যন্ত রাজধানী ঢাকার ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকে (৭৮/এ, গ্রিন রোড) এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সারা দেশ থেকে আগত মোট ৮০ জন প্রতিযোগী চারটি ক্যাটাগরিতে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। ক্যাটাগরিগুলো হল ক. দৃষ্টিপ্রতিবন্ধী খ. শারীরিক প্রতিবন্ধী গ. বাক ও শ্রবণ প্রতিবন্ধী এবং ঘ. নিউরো ডেভেলপমেন্টাল ডিজএবিলিটি (এনডিডি)। সব ক্যাটাগরিতে প্রতিযোগীরা মাইক্রোসফ্ট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট- এ চারটি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। প্রত্যেক ক্যাটাগরিতে সেরা প্রথম তিনজনকে পুরস্কার হিবেসে অর্থ, ক্রেস্ট এবং সার্টিফিকেট প্রদান করা হবে।

এ ছাড়া অংশগ্রহণকারীদের মধ্যে চারটি ক্যাটাগরির প্রতিটি থেকে সেরা ৩ জনকে নিয়ে মোট ১২ জন বিজেতা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করবে। এ ১২ জনের মধ্যে মূল্যায়নের মাধ্যমে নির্বাচিত উপযুক্ত চারজন প্রতিযোগীকে আন্তর্জাতিক প্রতিযোগিতার জন্য বাংলাদেশ দল গঠন করা হবে এবং তারা আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। সব অংশগ্রহণকারীকে আইসিটি বিভাগ ও বিসিসি আয়োজিত চাকরি মেলায় অংশগ্রহণের সুযোগদেয়া হবে।

প্রতিযোগিতা সম্পর্কে বিস্তারিত জানতে ভিজিট করুণ- ওয়েবসাইট : www.bcc.gov.bd ফেসবুক : facebook.com/bcc.ict

http://www.jugantor.com/it-world/2017/05/05/122390/%E0%A6%86%E0%A6%97%E0%A6%BE%E0%A6%AE%E0%A7%80%E0%A6%95%E0%A6%BE%E0%A6%B2-%E0%A6%AF%E0%A7%81%E0%A6%AC-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%AC%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A7%E0%A7%80-%E0%A6%9C%E0%A6%BE%E0%A6%A4%E0%A7%80%E0%A7%9F-%E0%A6%86%E0%A6%87%E0%A6%9F%E0%A6%BF-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%AF%E0%A7%8B%E0%A6%97%E0%A6%BF%E0%A6%A4%E0%A6%BE-%E0%A7%A8%E0%A7%A6%E0%A7%A7%E0%A7%AD

bdnews24.com
Bangladesh's First Internet Newspaper

# শুরু হচ্ছে প্রতিবন্ধীদের আইটি প্রতিযোগিতা ২০১৭

NATIONAL IT COMPETITION for Youth with Disabilities

ছবি- জাতীয় আইটি প্রতিযোগিতা ২০১৭

দ্বিতীয়বারের মতো দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের আইটি প্রতিযোগিতার আয়োজন করতে যাচ্ছে বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগ।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), দেশিয় এনজিও সেন্টার ফর সার্ভিসেস অ্যান্ড ইনফরমেশন অন ডিজঅ্যাবিলিটি (সিএসআইডি) ও ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিক-এর সঙ্গে যৌথভাবে এই প্রতিযোগিতা আয়োজন করা হচ্ছে।

৬ মে, শনিবার সকাল ৮টা ৪৫ মিনিট থেকে বিকাল ৪টা পর্যন্ত রাজধানী ঢাকার ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিক-এ এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

সারা দেশ থেকে আগত মোট ৮০জন প্রতিযোগী চারটি শ্রেণিতে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। শ্রেণিতেগুলো হচ্ছে- ক. দৃষ্টি প্রতিবন্ধী খ. শারীরিক প্রতিবন্ধী গ. বাক ও শ্রবণ প্রতিবন্ধী এবং ঘ. নিউরো ডেভেলপমেন্টাল ডিজএবিলিটি (এনডিডি)। সবগুলো শ্রেণিতে প্রতিযোগিরা মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট-এই চারটি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। প্রত্যেক শ্রেণিতে সেরা প্রথম তিনজনকে পুরস্কার হিবেসে অর্থ, ক্রেস্ট এবং সার্টিফিকেট প্রদান করা হবে, এক বিবৃতিতে জানিয়েছে আয়োজকরা।

এ ছাড়া অংশগ্রহণকারীদের মধ্যে চারটি শ্রেণির প্রতিটি হতে সেরা তিনজনকে নিয়ে মোট ১২ জন বিজয়ী বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করবেন। এ ১২ জনের মধ্যে মূল্যায়নের মাধ্যমে নির্বাচিত চারজন প্রতিযোগীকে নিয়ে আন্তর্জাতিক প্রতিযোগিতার জন্য বাংলাদেশ দল গঠন করা হবে ও তারা আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। সব অংশগ্রহণকারীকে আইসিটি বিভাগ ও বিসিসি আয়োজিত চাকরি মেলায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে।

http://bangla.bdnews24.com/tech/article1330378.bdnews

# শনিবার যুব প্রতিবন্ধী জাতীয় আইটি প্রতিযোগিতা

ডেস্ক রিপোর্ট

২০১৭-০৫-০৫ ০০:১৭:৩৭

প্রিন্টঅঅ-অ+

বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগ দ্বিতীয় বারের মতো দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের আইটি প্রতিযোগিতার আয়োজন করতে যাচ্ছে।

এ প্রতিযোগিতা দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে আইসিটি চর্চা ব্যাপক ভাবে সম্প্রসারণ ঘটাবে এবং বর্তমান সরকার প্রতিশ্রুতি ডিজিটাল বাংলাদেশের উপযুক্ত মানব সম্পদ হিসেবে প্রতিবন্ধী ব্যক্তিদের প্রস্তুতির ক্ষেত্রে অত্যন্ত সহায়ক হবে বলে মনে করা হচ্ছে।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), দেশীয় এনজিও সেন্টার ফর সার্ভিসেস অ্যান্ড ইনফরমেশন অন ডিজঅ্যাবিলিটি (সিএসআইডি) ও ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক এর সঙ্গে যৌথভাবে এই প্রতিযোগিতা আয়োজন করা হচ্ছে।

৬ মে শনিবার, সকাল ৮টা ৪৫ মিনিট থেকে বিকাল ৪টা পর্যন্ত রাজধানীর ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

সারা দেশ থেকে আগত মোট ৮০জন প্রতিযোগী চারটি ক্যাটাগরিতে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। ক্যাটাগরিগুলো হলো ক. দৃষ্টি প্রতিবন্ধী খ. শারীরিক প্রতিবন্ধী গ. বাক ও শ্রবণ প্রতিবন্ধী এবং ঘ. নিউরো ডেভেলপমেন্টাল ডিজএবিলিটি

(এনডিডি)। সবগুলো ক্যাটাগরিতে প্রতিযোগিরা মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট-এই চারটি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। প্রত্যেক ক্যাটাগরিতে সেরা প্রথম তিনজনকে পুরস্কার হিসেবে অর্থ, ক্রেস্ট এবং সার্টিফিকেট প্রদান করা হবে।

এছাড়া অংশগ্রহণকারীদের মধ্যে চারটি ক্যাটাগরির প্রতিটি হতে সেরা ৩ জনকে নিয়ে মোট ১২ জন বিজেতা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করবে। এ ১২ জনের মধ্যে মূল্যায়নের মাধ্যমে নির্বাচিত উপযুক্ত চার জন প্রতিযোগীকে আন্তর্জাতিক প্রতিযোগীতার জন্য বাংলাদেশ দল গঠন করা হবে। এবং তারা আন্তর্জাতিক প্রতিযোগীতায় অংশগ্রহণ করবে। সকল অংশগ্রহণকারীকে আইসিটি বিভাগ ও বিসিসি আয়োজিত চাকরি মেলায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

প্রতিযোগিতা সম্পর্কে বিস্তারিত জানতে ভিজিট: www.bcc.gov.bd,

http://www.theengineersbd.com/full_news.php?sl=5348#sthash.3Z5T9Kpu.dpuf

CORPORATE কর্পোরেট

যুব প্রতিবন্ধীদের নিয়ে জাতীয় আইটি প্রতিযোগিতা ২০১৭




বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগ দ্বিতীয় বারের মতো দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের আইটি প্রতিযোগিতার আয়োজন করেছে। ৬ মে শনিবার সকালে রাজধানী ঢাকার ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিক গ্রীণ রোডের ক্যাম্পাসে শুরু হয় সারা দেশে থেকে আগত ৮১ জন প্রতিবন্ধীদের নিয়ে জাতীয় আইটি প্রতিযোগিতা ২০১৭। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে

প্রতিযোগিতার উদ্বোধন করেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) নির্বাহী পরিচালক জনাব স্বপন কুমার সরকার। তিনি বলেন, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহন করেছে। এ প্রতিযোগিতা তারই অংশ। এ প্রতিযোগিতা প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে আইটি চর্চা উৎসাহিত করবে এবং তাঁদের সক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করবে। তিনি আরও বলেন, সারা দেশে এ প্রতিযোগিতার বিষয়ে ব্যাপক আগ্রহ সৃষ্টি হয়েছে। যারা এই প্রতিযোগিতায় বিজয়ী হবেন তাদের বিসিসির পক্ষ থেকে উচ্চতর প্রশিক্ষণ ও চাকুরি মেলায় অংশগ্রহনের সুযোগ দেয়া হবে মর্মে তিনি জানান।

এর আগে বিসিসির পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) মোহাম্মদ এনামুল কবির এর স্বাগত বক্তব্যের মাধ্যমে উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয়। উক্ত অনুষ্ঠানে ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম. আর কবিরের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ডিজএবিলিটি কাউন্সিল ইন্টারন্যাশনালের এক্সিকিউটিভ বোর্ড সদস্য জনাব মনসুর আহমেদ চৌধুরী। সভাপতির বক্তব্যে প্রফেসর ড. এম. আর কবির বলেন, এ প্রতিযোগিতায় অংশগ্রহনকারীরা আমাদের ভাই-বোন অথবা সন্তান। এরা আমাদের সমাজের অংশ এবং এ বৃহৎ অংশকে বাদ দিয়ে সমাজের উন্নয়ন সম্ভব নয়। গত বছরের প্রথম আয়োজনে আমাদের বিশ্ববিদ্যালয় সম্পৃক্ত ছিল। এবারও এ আয়োজন ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকে অনুষ্ঠিত হচ্ছে, আগামীতেও এ আয়োজনের সঙ্গে থাকতে পারলে আমরা খুশি হব। তিনি আরও বলেন, প্রতিবন্ধী জনগোষ্ঠীকে এগিয়ে নেয়ার জন্য এ আয়োজন গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করবে।



আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, এ প্রতিযোগিতা দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে আইসিটি চর্চা ব্যাপক ভাবে সম্প্রসারণ ঘটাবে এবং বর্তমান সরকার প্রতিশ্রুতি ডিজিটাল বাংলাদেশের উপযুক্ত মানব সম্পদ হিসেবে প্রতিবন্ধী ব্যক্তিদের গড়ে তুলতে অত্যন্ত সহায়ক হবে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), সেন্টার ফর সার্ভিসেস অ্যান্ড ইনফরমেশন অন ডিজঅ্যাবিলিটি (সিএসআইডি) ও ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ এ প্রতিযোগিতা আয়োজনে একসঙ্গে কাজ করছে।

প্রতিযোগীরা চারটি ক্যাটাগরি যথাক্রমে- ক. দৃষ্টি প্রতিবন্ধী খ. শারীরিক প্রতিবন্ধী গ. বাক ও শ্রবণ প্রতিবন্ধী এবং ঘ. নিউরো ডেভেলপমেন্টাল ডিজএবিলিটি (এনডিডি) তে অংশগ্রহন করছে। সব ক্যাটাগরিতে প্রতিযোগিদের মাইক্রোসফ্ট

ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট-বিষয়ক প্রশ্নের সমাধান করতে হবে। প্রত্যেক ক্যাটাগরি হতে সেরা তিনজনকে পুরস্কার হিসেবে অর্থ, ক্রেস্ট, সার্টিফিকেট ও কিছু আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হবে।

চারটি ক্যাটাগরির মোট ১২ জন বিজেতা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করবে। পরবর্তী কালে মূল্যায়নের মাধ্যমে নির্বাচিত উপযুক্ত চার জন প্রতিযোগীকে নিয়ে আন্তর্জাতিক প্রতিযোগীতার জন্য বাংলাদেশ দল গঠন করা হবে এবং তারা আন্তর্জাতিক প্রতিযোগীতায় অংশগ্রহণ করবে।

বিকালে অনুষ্ঠেয় প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে আইসিটি প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহ্মেদ পলক, এমপি, ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. জামিলুর রেজা চৌধুরী, আইসিটি বিভাগের অতিরিক্ত সচিব জনাব মো. হারুনুর রশীদ, বিসিসির নির্বাহী পরিচালক জনাব স্বপন কুমার সরকার, ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের বোর্ড অফ ট্রাস্টিসের চেয়ারপার্সন জনাব কাইয়ুম রেজা চৌধুরী সিএসআইডির নির্বাহী পরিচালক জনাব খন্দকার জহুরুল আলম, ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান জনাব অলোক কুমার সাহা এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব জনাব মো. জিল্লার রহমান উপস্থিত থাকবেন মর্মে আশা করা হচ্ছে

http://corporatenews.com.bd/%E0%A6%AF%E0%A7%81%E0%A6%AC-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%AC%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A7%E0%A7%80%E0%A6%A6%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%A8%E0%A6%BF%E0%A7%9F%E0%A7%87-%E0%A6%9C-2.html#sthash.2F5mfl1o.dpuf

## যুব প্রতিবন্ধীদের তথ্যপ্রযুক্তি প্রতিযোগিতা অনুষ্ঠিত

প্রকাশঃ ৫:১১ অপরাহ্ণ, মে ৬, ২০১৭ - সর্বশেষ সম্পাদনাঃ ৫:১১ অপরাহ্ণ, মে ৬, ২০১৭

টেক শহর কনটেন্ট কাউন্সিলর : দ্বিতীয়বারের মতো অনুষ্ঠিত হয়েছে দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্যপ্রযুক্তি প্রতিযোগিতা।

শনিবার রাজধানীর ফার্মগেটের ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকে সারা দেশ থেকে আসা ৮১ প্রতিবন্ধীকে নিয়ে প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয়েছে।

সকালে উদ্বোধনী অনুষ্ঠানের পর প্রতিযোগীরা চারটি ক্যাটাগরিতে পুরস্কারের জন্য লড়েন। চারটি ক্যাটাগরি যথাক্রমে দৃষ্টি প্রতিবন্ধী, শারীরিক প্রতিবন্ধী, বাক ও শ্রবণ প্রতিবন্ধী এবং নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিস (এনডিডি)।



সব ক্যাটাগরিতে প্রতিযোগিদের মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট-বিষয়ক প্রশ্নের সমাধান করতে হয়েছে। পরে প্রত্যেক ক্যাটাগরি থেকে সেরা তিন জন করে পুরস্কার হিসেবে অর্থ, ক্রেস্ট, সনদ ও আকর্ষণীয় পুরস্কার দেওয়া হয়।

এছাড়াও এই ১২ জনকে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের সুযোগ করে দেবে। এছাড়াও পরে কাজের মূল্যায়নের মাধ্যমে নির্বাচিত চার জনকে আন্তর্জাতিক প্রতিযোগীতার জন্য বাংলাদেশ দল গঠন করে অংশ নেওয়ার সুযোগ দেওয়া হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) নির্বাহী পরিচালক স্বপন কুমার সরকার।

তিনি বলেন, বিসিসি প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। এ প্রতিযোগিতা তারই অংশ। এ প্রতিযোগিতা প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে তথ্যপ্রযুক্তির চর্চা উৎসাহিত করবে এবং তাদের সক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করবে।

সমাপণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক উপস্থিত থাকার কথা থাকলেও তিনি থাকতে পারেননি।

বিসিসির পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) মোহাম্মদ এনামুল কবির, ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম. আর কবির, ডিজএবিলিটি কাউন্সিল ইন্টারন্যাশনালের এক্সিকিউটিভ বোর্ড সদস্য মনসুর আহমেদ চৌধুরী উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এছাড়াও সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের উপাচার্য প্রফেসর ড. জামিলুর রেজা চৌধুরী, তথ্যপ্রযুক্তি বিভাগের অতিরিক্ত সচিব মো. হারুনুর রশীদ, বিসিসির নির্বাহী পরিচালক স্বপন কুমার সরকার,

ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের বোর্ড অফ ট্রাস্টিসের চেয়ারপার্সন কাইয়ুম রেজা চৌধুরী সিএসআইডির নির্বাহী পরিচালক খন্দকার জহুরুল আলম এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব মো. জিল্লার রহমান উপস্থিত ছিলেন।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), সেন্টার ফর সার্ভিসেস অ্যান্ড ইনফরমেশন অন ডিজঅ্যাবিলিটি (সিএসআইডি) ও ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিক যৌথভাবে প্রতিযোগিতাটির আয়োজন করে।

http://techshohor.com/news/79166

HiFi PUBLIC

**প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়ে জাতীয় আইসিটি প্রতিযোগিতা**



শোভন খান

জুন ৫, ২০১৬

বাংলাদেশে প্রথম বারের মতো আয়োজিত যুব প্রতিবন্ধীদের নিয়ে জাতীয় আইসিটি প্রতিযোগিতা ২০১৬ আয়োজন করা হয়েছে। শনিবার সকাল ৯টার রাজধানী ঢাকার ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিক গ্রীণ রোডের ক্যাম্পাসে প্রযোগিতার উদ্বোধন করেন তথ্য ও ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব শ্যাম সুন্দর সিকদার।

এ সময় তিনি বলেন, বিগত ৭ বছর সরকার তথ্য ও প্রযুক্তি খাতে নানাবিধ উদ্যোগ গ্রহন করেছে এবং সাফল্য পেয়েছে অনেক। তবে দেশে একটা উল্লেখ্যযোগ্য সংখ্যক লোকবল প্রতিবন্ধী। প্রতিবন্ধী তথ্য ও প্রযুক্তি খাতে এগিয়ে নেওয়ার জন্য আমরা বিভিন্ন পদক্ষেপ গ্রহন করেছি। তারাই ধারাবাহিকতা আইসিটি বিভাগ যুব প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়ে তথ্য ও প্রযুক্তি প্রতিযোগিতা ২০১৬ আয়োজন করেছে। তিনি আরও বলেন,আইসিটি বিভাগ প্রতিবন্ধী ভাই-বোনদের বিনামূলে আইসিটি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহন করেছে। প্রতিবন্ধী বিভিন্ন সুবিধা দেওয়ার পাশাপাশি কর্মসংস্থানেরও সরকার সহায়তা প্রদান করছে। আগামীতেও এই প্রতিযোগিতা আয়োজন করা হবে বলে জানান আইসিটি সচিব। উদ্বোধনী অনুষ্ঠানে ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের বোর্ড অফ ট্রাস্টিসের চেয়ারপার্সন কাইয়ুস রেজা চৌধুরীর সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) নির্বাহী পরিচালক এস এম আশরাফুল ইসলাম, ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের প্রো ভাইস চ্যান্সেলর প্রফেস এম আর কবির এবং সূচনা ফাউন্ডেশনের সেক্রেটারী জেনারেল ড: মাজহারুল মান্নান। বিকালের সমাপণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করবেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহ্মেদ পলক।

ইউনিভার্সিটি অফ এশিয় াপ্যাসিফিকের উপাচার্য অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরীর সভাপতিত্ব অনুষ্ঠানে উপস্থিত থাকবেন আইসিটি বিভাগের অতিরিক্ত সচিব মো.হারুনুর রশীদ, সিএসআইডির নির্বাহী পরিচালক খন্দকার জহুরুল আলম, সূচনা ফাউন্ডেশনের ভাইস চেয়ারপার্সন ড. প্রাণ গোপাল দত্ত এবং বিসিসির নির্বাহী পরিচালক এস এম আশরাফুল ইসলাম।

আয়োজনদের পক্ষ থেকে জানানো হয়, বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগ দেশে প্রথমবারের মতো যুব প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়ে আইটি প্রতিযোগিতার আয়োজন করতে যাচ্ছে। এ প্রতিযোগিতা দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে আইসিটি চর্চা ব্যাপক ভাবে সম্প্রসারণ ঘটাবে এবং বর্তমান সরকার প্রতিশ্রুত ডিজিটাল বাংলাদেশের উপযুক্ত মানব সম্পদ হিসেবে প্রতিবন্ধী ব্যক্তিদের প্রস্তুতির ক্ষেত্রে অত্যন্ত সহায়ক হবে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) দেশীয় এনজিও সেন্টার ফর সার্ভিসেস অ্যান্ড ইনফরমেশন অন ডিজঅ্যাবিলিটি (সিএসআইডি) ও ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিক এর সঙ্গে যৌথভাবে এই প্রতিযোগিতা আয়োজন করছে।

আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, সারা দেশে থেকে আগত মোট ৫২জন প্রতিযোগিতাটি চারটি ক্যাটাগরিতে প্রতিযোগিতায় অংশগ্রহন করবে। ক্যাটাগরিগুলো হলো ক. দৃষ্টি প্রতিবন্ধী খ. শারীরিক প্রতিবন্ধী গ. বাক ও শ্রবণ প্রতিবন্ধী এবং ঘ. নিউরো ডেভেলপমেন্ট প্রতিবন্ধী (অটিস্টিক বা অটিজম)। সবগুলো ক্যাটাগরিতে প্রতিযোগিরা মাইক্রোসফ্ট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট-এই চারটি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহন করবেন। প্রত্যেক ক্যাটাগরিতে সেরা প্রথম তিনজনকে পুরষ্কার হিসেবে দেওয়া হবে যথাক্রমে ৩০, ২০ ও ১০ হাজার টাকা এবং ক্রেস্ট ও সার্টিফিকেট। বিজয়ী প্রতিযোগিদের মধ্য হতে দক্ষতার ভিত্তিতে আগামী ২০১৬ সালের নভেম্বর মাসে চীনে অনুষ্ঠেয় আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে।

https://hifipublic.com/bn/2016/06/05/%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%AC%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A7%E0%A7%80-%E0%A6%AC%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%95%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%A6%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%A8%E0%A6%BF/

আলোর সন্ধানে
পূর্ব দিগন্ত
www.purbodiganto.com

যুব প্রতিবন্ধীদের জাতীয় তথ্যপ্রযুক্তি প্রতিযোগিতা

রবিবার , ২৩ এপ্রিল , ২০১৭ , ৪:১৯ pm



দেশের যুব প্রতিবন্ধীদের মধ্যে তথ্যপ্রযুক্তি চর্চা ব্যাপকভাবে সম্প্রসারণ এবং ডিজিটাল বাংলাদেশের দক্ষ মানবসম্পদ হিসেবে প্রতিবন্ধী ব্যক্তিদের তৈরি করতে দ্বিতীয়বারের মতো যুব প্রতিবন্ধীদের নিয়ে জাতীয় তথ্যপ্রযুক্তি (আইটি) প্রতিযোগিতার অনুষ্ঠিত হবে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের যৌথ উদ্যোগে রাজধানীর গ্রিন রোডের ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে আগামী ৬ মে। প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আগামী ২৭ এপ্রিলের মধ্যে আবেদন করতে হবে।

প্রতিযোগিতায় আবদেনের যোগ্যতা হিসেবে বয়স ১৩ থেকে ১৯ এর মধ্যে হতে হবে এবং শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে অষ্টম শ্রেণী পাস হতে হবে। প্রতিযোগিতার বিষয় : মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট এবং ইন্টারনেট।

আয়োজকরা জানান, প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সকলের জন্য আইসিটি বিভাগ ও বিসিসি আয়োজিত চাকরি মেলায় অংশগ্রহণের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ থাকবে। প্রতিযোগিতায় বিভিন্ন ক্যাটাগরিতে বিজয়ীদের আকর্ষণীয় পুরস্কার প্রদান এবং বিজয়ীদের মধ্যে থেকে দক্ষতা ও যোগ্যতার ভিত্তিতে আগামী সেপ্টেম্বরে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক প্রতিযোগিতার জন্য ৪ জনের দল গঠন করা হবে।

এছাড়া বিভিন্ন ক্যাটাগরি থেকে বিজয়ীদের মধ্যে থেকে দক্ষতার ভিত্তিতে নির্বাচিতদের বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের অধীনে বিনামূল্যে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।

যুব প্রতিবন্ধীদের জাতীয় আইটি প্রতিযোগিতার বিস্তারিত তথ্য জানতে যেতে হবে : (http://www.bcc.gov.bd) এই ঠিকানায়।

http://www.purbodiganto.com/details.php?id=15083//%E0%A6%AF%E0%A7%81%E0%A6%AC%20%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%AC%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A7%E0%A7%80%E0%A6%A6%E0%A7%87%E0%A6%B0%20%E0%A6%9C%E0%A6%BE%E0%A6%A4%E0%A7%80%E0%A7%9F%20%E0%A6%A4%E0%A6%A5%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%AF%E0%A7%81%E0%A6%95%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%BF%20%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%AF%E0%A7%8B%E0%A6%97%E0%A6%BF%E0%A6%A4%E0%A6%BE#sthash.yh35CYR2.dpuf

## প্রতিবন্ধীদের নিয়ে আইটি প্রতিযোগিতা

ঢাকা: দ্বিতীয় বারের মতো দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়ে অনুষ্ঠিত হচ্ছে আইটি প্রতিযোগিতা। আইসিটি বিভাগের আয়োজনে শনিবার (৬ মে) রাজধানীর ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিক গ্রিন রোডের ক্যাম্পাসে শুরু হয় এই প্রতিযোগিতা। সারা দেশে থেকে আগত ৮১ জন প্রতিবন্ধী প্রতিযোগিতায় অংশ নিয়েছে।

চারটি ক্যাটাগরি যথাক্রমে- দৃষ্টিপ্রতিবন্ধী, শারীরিক প্রতিবন্ধী, বাক ও শ্রবণ প্রতিবন্ধী এবং নিউরো ডেভেলপমেন্টাল ডিজএবিলিটি (এনডিডি) এতে অংশগ্রহণ করেছেন প্রতিযোগীরা। সব ক্যাটাগরিতে প্রতিযোগীদের মাইক্রোসফ্ট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট বিষয়ক প্রশ্নের সমাধান করতে হচ্ছে।




প্রতিযোগিতা থেকে প্রত্যেক ক্যাটাগরি হতে সেরা তিনজনকে পুরস্কার হিসেবে অর্থ, ক্রেস্ট, সার্টিফিকেট ও কিছু আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হবে বলে জানিয়েছেন আয়োজকরা।

আয়োজন নিয়ে শনিবার (০৬ মে) সকালে প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) নির্বাহী পরিচালক স্বপন কুমার সরকার বলেন, 'বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। এ প্রতিযোগিতা তারই অংশ। এ প্রতিযোগিতা প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে আইটি চর্চা উৎসাহিত করবে এবং তাদের সক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করবে।'

তিনি আরও বলেন, 'সারা দেশে এ প্রতিযোগিতার বিষয়ে ব্যাপক আগ্রহ সৃষ্টি হয়েছে। যারা এই প্রতিযোগিতায় বিজয়ী হবেন তাদের বিসিসির পক্ষ থেকে উচ্চতর প্রশিক্ষণ ও চাকরি মেলায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।'




বিসিসির পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) মোহাম্মদ এনামুল কবির, ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম. আর কবির, ডিজএবিলিটি কাউন্সিল ইন্টারন্যাশনালের এক্সিকিউটিভ বোর্ড সদস্য মনসুর আহমেদ চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।

আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, চারটি ক্যাটাগরির মোট ১২ জন বিজেতা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করবে। পরবর্তীতে মূল্যায়নের মাধ্যমে নির্বাচিত উপযুক্ত চার জন প্রতিযোগীকে নিয়ে আন্তর্জাতিক প্রতিযোগিতার জন্য বাংলাদেশ দল গঠন করা হবে এবং তারা আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

http://m.breakingnews.com.bd/details.php?breakingNews=24805

শিক্ষা প্রতিদিন
shikkhapratidin·com

## শুক্রবার যুব প্রতিবন্ধী জাতীয় আইটি প্রতিযোগিতা

বিজ্ঞান-প্রযুক্তি ডেস্ক : বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগ দ্বিতীয় বারের মতো দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের আইটি প্রতিযোগিতার আয়োজন করতে যাচ্ছে।

এ প্রতিযোগিতা দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে আইসিটি চর্চা ব্যাপক ভাবে সম্প্রসারণ ঘটাবে এবং বর্তমান সরকার প্রতিশ্রুতি ডিজিটাল বাংলাদেশের উপযুক্ত মানব সম্পদ হিসেবে প্রতিবন্ধী ব্যক্তিদের প্রস্তুতির ক্ষেত্রে অত্যন্ত সহায়ক হবে বলে মনে করা হচ্ছে।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), দেশীয় এনজিও সেন্টার ফর সার্ভিসেস অ্যান্ড ইনফরমেশন অন ডিজঅ্যাবিলিটি (সিএসআইডি) ও ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক এর সঙ্গে যৌথভাবে এই প্রতিযোগিতা আয়োজন করা হচ্ছে।

আগামীকাল ৬ মে শনিবার, সকাল ৮টা ৪৫ মিনিট থেকে বিকাল ৪টা পর্যন্ত রাজধানীর ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

সারা দেশ থেকে আগত মোট ৮০জন প্রতিযোগী চারটি ক্যাটাগরিতে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। ক্যাটাগরিগুলো হলো ক. দৃষ্টি প্রতিবন্ধী খ. শারীরিক প্রতিবন্ধী গ. বাক ও শ্রবণ প্রতিবন্ধী এবং ঘ. নিউরো ডেভেলপমেন্টাল ডিজএবিলিটি (এনডিডি)। সবগুলো ক্যাটাগরিতে প্রতিযোগিরা মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট-এই চারটি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। প্রত্যেক ক্যাটাগরিতে সেরা প্রথম তিনজনকে পুরস্কার হিবেসে অর্থ, ক্রেস্ট এবং সার্টিফিকেট প্রদান করা হবে।

এছাড়া অংশগ্রহণকারীদের মধ্যে চারটি ক্যাটাগরির প্রতিটি হতে সেরা ৩ জনকে নিয়ে মোট ১২ জন বিজেতা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করবে। এ ১২ জনের মধ্যে মূল্যায়নের মাধ্যমে নির্বাচিত উপযুক্ত চার জন প্রতিযোগীকে আন্তর্জাতিক প্রতিযোগীতার জন্য বাংলাদেশ দল গঠন করা হবে। এবং তারা আন্তর্জাতিক প্রতিযোগীতায় অংশগ্রহণ করবে। সকল অংশগ্রহণকারীকে আইসিটি বিভাগ ও বিসিসি আয়োজিত চাকরি মেলায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

https://shikkhapratidin.com/%E0%A6%B6%E0%A7%81%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%AF%E0%A7%81%E0%A6%AC-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%AC%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A7%E0%A7%80/

যুব প্রতিবন্ধী নিয়ে জাতীয় আইটি প্রতিযোগিতা



বিজ্ঞান-প্রযুক্তি ডেস্ক : বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগ দ্বিতীয় বারের মতো দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের আইটি প্রতিযোগিতার আয়োজন করেছে।

৬ মে শনিবার সকালে, রাজধানী ঢাকার ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিক গ্রীণ রোডের ক্যাম্পাসে শুরু হয় সারা দেশে থেকে আগত ৮১ জন প্রতিবন্ধীদের নিয়ে জাতীয় আইটি প্রতিযোগিতা ২০১৭।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতার উদ্বোধন করেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) নির্বাহী পরিচালক স্বপন কুমার সরকার। তিনি বলেন, 'বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। এ প্রতিযোগিতা তারই অংশ। এ প্রতিযোগিতা প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে আইটি চর্চা উৎসাহিত করবে এবং তাদের সক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করবে।' তিনি আরো বলেন, 'সারা দেশে এ প্রতিযোগিতার

বিষয়ে ব্যাপক আগ্রহ সৃষ্টি হয়েছে। যারা এই প্রতিযোগিতায় বিজয়ী হবেন তাদের বিসিসির পক্ষ থেকে উচ্চতর প্রশিক্ষণ ও চাকুরি মেলায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।'

এর আগে বিসিসির পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) মোহাম্মদ এনামুল কবির এর স্বাগত বক্তব্যের মাধ্যমে উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয়। উক্ত অনুষ্ঠানে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম. আর কবিরের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ডিজঅ্যাবিলিটি কাউন্সিল ইন্টারন্যাশনালের এক্সিকিউটিভ বোর্ড সদস্য মনসুর আহমেদ চৌধুরী।

সভাপতির বক্তব্যে প্রফেসর ড. এম. আর কবির বলেন, 'এ প্রতিযোগিতায় অংশগ্রহণকারীরা আমাদের ভাই-বোন অথবা সন্তান। এরা আমাদের সমাজের অংশ এবং এ বৃহৎ অংশকে বাদ দিয়ে সমাজের উন্নয়ন সম্ভব নয়। গত বছরের প্রথম আয়োজনে আমাদের বিশ্ববিদ্যালয় সম্পৃক্ত ছিল। এবারও এ আয়োজন ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে অনুষ্ঠিত হচ্ছে, আগামীতেও এ আয়োজনের সঙ্গে থাকতে পারলে আমরা খুশি হব।' তিনি আরো বলেন, 'প্রতিবন্ধী জনগোষ্ঠীকে এগিয়ে নেয়ার জন্য এ আয়োজন গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করবে।'

আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, এ প্রতিযোগিতা দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে আইসিটি চর্চা ব্যাপক ভাবে সম্প্রসারণ ঘটাবে এবং বর্তমান সরকার প্রতিশ্রুতি ডিজিটাল বাংলাদেশের উপযুক্ত মানব সম্পদ হিসেবে প্রতিবন্ধী ব্যক্তিদের গড়ে তুলতে অত্যন্ত সহায়ক হবে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), সেন্টার ফর সার্ভিসেস অ্যান্ড ইনফরমেশন অন ডিজঅ্যাবিলিটি (সিএসআইডি) ও ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ এ প্রতিযোগিতা আয়োজনে একসঙ্গে কাজ করছে।

প্রতিযোগীরা চারটি ক্যাটাগরি যথাক্রমে- ক. দৃষ্টি প্রতিবন্ধী খ. শারীরিক প্রতিবন্ধী গ. বাক ও শ্রবণ প্রতিবন্ধী এবং ঘ. নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটি (এনডিডি) তে অংশগ্রহণ করছে। সব ক্যাটাগরিতে প্রতিযোগিদের মাইক্রোসফ্ট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট-বিষয়ক প্রশ্নের সমাধান করতে হবে। প্রত্যেক ক্যাটাগরি হতে সেরা তিনজনকে পুরস্কার হিসেবে অর্থ, ক্রেস্ট, সার্টিফিকেট ও কিছু আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হবে।

চারটি ক্যাটাগরির মোট ১২ জন বিজেতা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করবে। পরবর্তী কালে মূল্যায়নের মাধ্যমে নির্বাচিত উপযুক্ত চার জন প্রতিযোগীকে নিয়ে আন্তর্জাতিক প্রতিযোগীতার জন্য বাংলাদেশ দল গঠন করা হবে এবং তারা আন্তর্জাতিক প্রতিযোগীতায় অংশগ্রহণ করবে।

বিকালে অনুষ্ঠেয় প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, এমপি, ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. জামিলুর রেজা চৌধুরী, আইসিটি বিভাগের অতিরিক্ত সচিব মো. হারুনুর রশীদ, বিসিসির নির্বাহী পরিচালক স্বপন কুমার সরকার, ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের বোর্ড অব ট্রাস্টিসের চেয়ারপার্সন কাইয়ুম রেজা চৌধুরী, সিএসআইডির নির্বাহী পরিচালক খন্দকার জহুরুল আলম, ইউনিভার্সিটি

অব এশিয়া প্যাসিফিকের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান অলোক কুমার সাহা এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব মো. জিল্লার রহমান উপস্থিত থাকবেন মর্মে আশা করা হচ্ছে।

http://www.risingbd.com/scienceand-technology-news/224816

নয়া দিগন্ত

যুব প্রতিবন্ধীদের নিয়ে জাতীয় আইটি প্রতিযোগিতা

০৮ মে ২০১৭,সোমবার, ০০:০০



দেশ সরকারের আইসিটি বিভাগ দ্বিতীয়বারের মতো দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের আইটি প্রতিযোগিতার আয়োজন করেছে। গত শনিবার সকালে রাজধানী ঢাকার ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক গ্রিন রোডের ক্যাম্পাসে শুরু হয় সারা দেশে থেকে আগত ৮১ জন প্রতিবন্ধীকে নিয়ে জাতীয় আইটি প্রতিযোগিতা ২০১৭। উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি থেকে প্রতিযোগিতার উদ্বোধন করেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) নির্বাহী পরিচালক স্বপন কুমার সরকার। তিনি বলেন, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। এ প্রতিযোগিতা তারই অংশ। এ প্রতিযোগিতা প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে আইটি চর্চা উৎসাহিত করবে এবং তাদের সক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করবে। অনুষ্ঠানে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম আর কবিরের সভাপতিত্বে বিশেষ অতিথির

বক্তব্য রাখেন ডিজএবিলিটি কাউন্সিল ইন্টারন্যাশনালের এক্সিকিউটিভ বোর্ড সদস্য মনসুর আহমেদ চৌধুরী। সভাপতির বক্তব্যে প্রফেসর ড. এম আর কবির বলেন, এ প্রতিযোগিতায় অংশগ্রহণকারীরা আমাদের ভাই-বোন অথবা সন্তান। এরা আমাদের সমাজের অংশ এবং এ বৃহৎ অংশকে বাদ দিয়ে সমাজের উন্নয়ন সম্ভব নয়। প্রতিবন্ধী জনগোষ্ঠীকে এগিয়ে নেয়ার জন্য এ আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

আয়োজক কতৃপক্ষ জানিয়েছে, এই প্রতিযোগিতা দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে আইসিটি চর্চা ব্যাপকভাবে সম্প্রসারণ ঘটাবে এবং বর্তমান সরকার প্রতিশ্রুতি ডিজিটাল বাংলাদেশের উপযুক্ত মানবসম্পদ হিসেবে প্রতিবন্ধী ব্যক্তিদের গড়ে তুলতে অত্যন্ত সহায়ক হবে।

প্রতিযোগীরা চারটি ক্যাটাগরি যথাক্রমেÑ ক. দৃষ্টি প্রতিবন্ধী, খ. শারীরিক প্রতিবন্ধী, গ. বাক ও শ্রবণ প্রতিবন্ধী এবং ঘ. নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিতে (এনডিডি) অংশগ্রহণ করছে। সব ক্যাটাগরিতে প্রতিযোগীদের মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট-বিষয়ক প্রশ্নের সমাধান করতে হবে। প্রত্যেক ক্যাটাগরি থেকে সেরা তিনজনকে পুরস্কার হিসেবে অর্থ, ক্রেস্ট, সার্টিফিকেট ও আকর্ষণীয় পুরস্কার দেয়া হবে। চারটি ক্যাটাগরির মোট ১২ জন বিজেতা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করার সুযোগ পাবে।

http://www.dailynayadiganta.com/detail/news/218202

ঢাকা টাইমস
www.dhakatimes24.com

৮১ প্রতিবন্ধীকে নিয়ে জাতীয় আইটি প্রতিযোগিতা



সরকারের আইসিটি বিভাগ দ্বিতীয়বারের মতো দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের আইটি প্রতিযোগিতার আয়োজন করেছে। শনিবার রাজধানীর ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিক গ্রিন রোডের ক্যাম্পাসে অনুষ্ঠিত হয় সারাদেশ থেকে আগত ৮১ প্রতিবন্ধীকে নিয়ে জাতীয় আইটি প্রতিযোগিতা ২০১৭।

বিকালে সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব জিল্লার রহমান। প্রত্যেক ক্যাটাগরি হতে সেরা তিনজনকে পুরস্কার হিসেবে অর্থ, ক্রেস্ট, সার্টিফিকেট প্রদান করা হয়। এ প্রতিযোগিতার স্পন্সর প্রতিষ্ঠান উই মোবাইলের পক্ষ প্রতি ক্যাটাগরির সেরা তিনজনের প্রত্যেককে একটি করে আকর্ষণীয় স্মার্ট ফোন উপহার দেয়া হয়।

দৃষ্টি প্রতিবন্ধী বিভাগে পুরস্কার দেয়া হয় যথাক্রমে লালমনিরহাট জেলার মো. মোখলেছুর রহমান, বগুড়ার শ্রী সহদেব কুমার ও চাঁদপুরের আব্দুল্লাহ আল নোমান। শারীরিক প্রতিবন্ধী বিভাগে সিরাজগঞ্জের মো. মোল্লা আবু শামিম, পিরোজপুর জেলার সুব্রত কিত্তনীয়া ও টাঙ্গাইলের মো. ইমরান হোসেন। বাক ও শ্রবণ প্রতিবন্ধী বিভাগে ঢাকার সানজিদা আক্তার, খুলনার কাজী আদনান হোসেন ও মুন্সিগঞ্জের মো. সুজন। নিউরো ডেভেলপমেন্টাল ডিজএবিলিটি (এনডিডি) বিভাগে চট্টগ্রামের অমিত সুজাউদ্দীন তুরাগ, কুমিল্লার জাহিদুল ইসলাম তুহিন ও ঢাকার রিশতা গালিব।

চারটি ক্যাটাগরির মোট ১২ জন বিজেতা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করবে। পরবর্তীকালে মূল্যায়নের মাধ্যমে নির্বাচিত উপযুক্ত চারজন প্রতিযোগীকে নিয়ে আন্তর্জাতিক প্রতিযোগিতার জন্য বাংলাদেশ দল গঠন করা হবে এবং তারা আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

বিকালে অনুষ্ঠেয় প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. জামিলুর রেজা চৌধুরী, আইসিটি বিভাগের অতিরিক্ত সচিব মো. হারুনুর রশীদ, বিসিসির নির্বাহী পরিচালক স্বপন কুমার সরকার, ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের বোর্ড অফ ট্রাস্টিসের চেয়ারপারসন কাইয়ুম রেজা চৌধুরী সিএসআইডির নির্বাহী পরিচালক খন্দকার জহুরুল আলম, ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান অলোক কুমার সাহা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব জিল্লার রহমান বলেন, প্রতিবন্ধীদের নিয়ে কাজ করার ক্ষেত্রে বিশ্বের অন্য দেশের চেয়ে আমরা এগিয়ে আছি। প্রতিবন্ধী ব্যক্তিরা সমাজের বোঝা নয়। এদেরকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ হিসেবে গড়ে তুলতে হবে।

সমাপনী ও পুরস্কার বিতরণী সভাপতিত্বের বক্তব্যে ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. জামিলুর রেজা চৌধুরী বলেন, আমাদের দেশে দক্ষ কর্মক্ষম প্রতিবন্ধীর সংখ্যা তুলনামূলক কম। প্রতিবন্ধীদের দক্ষ হিসেবে গড়ে তুলতে বিভিন্ন কর্মসূচি হাতে নিতে হবে। সরকারে পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠানেরও প্রতিবন্ধীদের নিয়ে কাজ করতে হবে।

সকালে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতার উদ্বোধন করেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) নির্বাহী পরিচালক স্বপন কুমার সরকার। তিনি বলেন, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। এ প্রতিযোগিতা তারই অংশ। এ প্রতিযোগিতা প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে আইটি চর্চা উৎসাহিত করবে এবং তাঁদের সক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করবে। তিনি আরও বলেন, সারা দেশে এ প্রতিযোগিতার বিষয়ে ব্যাপক আগ্রহ সৃষ্টি হয়েছে। যারা এই প্রতিযোগিতায় বিজয়ী হবেন তাদের বিসিসির পক্ষ থেকে উচ্চতর প্রশিক্ষণ ও চাকরি মেলায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে মর্মে তিনি জানান।

http://www.dhakatimes24.com/2017/05/06/31502/%E0%A7%AE%E0%A7%A7-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%AC%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A7%E0%A7%80%E0%A6%95%E0%A7%87-%E0%A6%A8%E0%A6%BF%E0%A7%9F%E0%A7%87-%E0%A6%9C%E0%A6%BE%E0%A6%A4%E0%A7%80%E0%A7%9F-%E0%A6%86%E0%A6%87%E0%A6%9F%E0%A6%BF-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%AF%E0%A7%8B%E0%A6%97%E0%A6%BF%E0%A6%A4%E0%A6%BE

bdnews24.com
Bangladesh's First Internet Newspaper

**শুরু হচ্ছে প্রতিবন্ধীদের আইটি প্রতিযোগিতা ২০১৭**

NATIONAL IT COMPETITION for Youth with Disabilities

ছবি- জাতীয় আইটি প্রতিযোগিতা ২০১৭

দ্বিতীয়বারের মতো দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের আইটি প্রতিযোগিতার আয়োজন করতে যাচ্ছে বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগ।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), দেশিয় এনজিও সেন্টার ফর সার্ভিসেস অ্যান্ড ইনফরমেশন অন ডিজঅ্যাবিলিটি (সিএসআইডি) ও ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিক-এর সঙ্গে যৌথভাবে এই প্রতিযোগিতা আয়োজন করা হচ্ছে।

৬ মে, শনিবার সকাল ৮টা ৪৫ মিনিট থেকে বিকাল ৪টা পর্যন্ত রাজধানী ঢাকার ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিক-এ এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

সারা দেশ থেকে আগত মোট ৮০জন প্রতিযোগী চারটি শ্রেণিতে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। শ্রেণিতেগুলো হচ্ছে- ক. দৃষ্টি প্রতিবন্ধী খ. শারীরিক প্রতিবন্ধী গ. বাক ও শ্রবণ প্রতিবন্ধী এবং ঘ. নিউরো ডেভেলপমেন্টাল ডিজএবিলিটি (এনডিডি)। সবগুলো শ্রেণিতে প্রতিযোগিরা মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট-এই চারটি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। প্রত্যেক শ্রেণিতে সেরা প্রথম তিনজনকে পুরস্কার হিবেসে অর্থ, ক্রেস্ট এবং সার্টিফিকেট প্রদান করা হবে, এক বিবৃতিতে জানিয়েছে আয়োজকরা।

এ ছাড়া অংশগ্রহণকারীদের মধ্যে চারটি শ্রেণির প্রতিটি হতে সেরা তিনজনকে নিয়ে মোট ১২ জন বিজয়ী বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করবেন। এ ১২ জনের মধ্যে মূল্যায়নের মাধ্যমে নির্বাচিত চারজন প্রতিযোগীকে নিয়ে আন্তর্জাতিক প্রতিযোগিতার জন্য বাংলাদেশ দল গঠন করা হবে ও তারা আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। সব অংশগ্রহণকারীকে আইসিটি বিভাগ ও বিসিসি আয়োজিত চাকরি মেলায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে।

http://bangla.bdnews24.com/tech/article1330378.bdnews

Jagonews24.com

যুব প্রতিবন্ধী জাতীয় আইটি প্রতিযোগিতা শনিবার

NATIONAL
IT COMPETITION
for Youth with Disabilities

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বিভাগ দ্বিতীয়বারের মতো দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের আইটি প্রতিযোগিতার আয়োজন করতে যাচ্ছে। এ প্রতিযোগিতা দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে আইসিটি চর্চা ব্যাপকভাবে সম্প্রসারণ ঘটাবে এবং বর্তমান সরকার প্রতিশ্রুতি ডিজিটাল বাংলাদেশের উপযুক্ত মানব সম্পদ হিসেবে প্রতিবন্ধী ব্যক্তিদের প্রস্তুতির ক্ষেত্রে অত্যন্ত সহায়ক হবে।

শনিবার সকাল ৮টা ৪৫ মিনিট থেকে বিকাল ৪টা পর্যন্ত রাজধানী ঢাকার ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

সারাদেশ থেকে আগত মোট ৮০ জন প্রতিযোগী চারটি ক্যাটাগরিতে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। ক্যাটাগরিগুলো হলো ক. দৃষ্টি প্রতিবন্ধী খ. শারীরিক প্রতিবন্ধী গ. বাক ও শ্রবণ প্রতিবন্ধী এবং ঘ. নিউরো ডেভেলপমেন্টাল ডিজএবিলিটি (এনডিডি)।

সবগুলো ক্যাটাগরিতে প্রতিযোগিরা মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট-এই চারটি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। প্রত্যেক ক্যাটাগরিতে সেরা প্রথম তিনজনকে পুরস্কার হিবেসে অর্থ, ক্রেস্ট এবং সার্টিফিকেট প্রদান করা হবে।

এছাড়া অংশগ্রহণকারীদের মধ্যে চারটি ক্যাটাগরির প্রতিটি হতে সেরা ৩ জনকে নিয়ে মোট ১২ জন বিজেতা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করবে। এ ১২ জনের মধ্যে মূল্যায়নের মাধ্যমে নির্বাচিত উপযুক্ত চারজন প্রতিযোগীকে আন্তর্জাতিক প্রতিযোগিতার জন্য বাংলাদেশ দল গঠন করা হবে এবং তারা আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

https://www.jagonews24.com/technology/news/265144/%E0%A6%AF%E0%A7%81%E0%A6%AC-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%AC%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A7%E0%A7%80-%E0%A6%9C%E0%A6%BE%E0%A6%A4%E0%A7%80%E0%A7%9F-%E0%A6%86%E0%A6%87%E0%A6%9F%E0%A6%BF-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%AF%E0%A7%8B%E0%A6%97%E0%A6%BF%E0%A6%A4%E0%A6%BE-%E0%A6%B6%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%B0

bbarta24.net
সারাবেলা সব খবর

আইটি প্রতিযোগিতা প্রতিবন্ধীদের সক্ষমতা বৃদ্ধি করবে'

প্রকাশ : ০৭ মে ২০১৭, ১১:৩১




সারাদেশে থেকে ৮১ জন প্রতিবন্ধীদের নিয়ে দ্বিতীয়বারের মতো শুরু হলো ‘জাতীয় আইটি প্রতিযোগিতা ২০১৭’। শনিবার রাজধানীর ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিক গ্রীণ রোডের ক্যাম্পাসে শুরু হয় এই আয়োজন। প্রতিযোগিতার উদ্বোধন করেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) নির্বাহী পরিচালক স্বপন কুমার সরকার। তিনি বলেন, ‘বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। এ প্রতিযোগিতা তারই অংশ। এ প্রতিযোগিতা প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে আইটি চর্চা উৎসাহিত করবে এবং তাঁদের সক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করবে।’ তিনি আরও বলেন, ‘সারা দেশে এ প্রতিযোগিতার বিষয়ে ব্যাপক আগ্রহ সৃষ্টি হয়েছে। যারা এই প্রতিযোগিতায় বিজয়ী হবেন তাদের বিসিসির পক্ষ থেকে উচ্চতর প্রশিক্ষণ ও চাকুরি মেলায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।’ এর আগে বিসিসির পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) মোহাম্মদ এনামুল কবিরের স্বাগত বক্তব্যের মাধ্যমে উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয়। নুষ্ঠানে ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম আর কবিরের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন ডিজএবিলিটি কাউন্সিল ইন্টারন্যাশনালের এক্সিকিউটিভ বোর্ড সদস্য মনসুর আহমেদ চৌধুরী। ভাপতির বক্তব্যে প্রফেসর ড. এম আর কবির বলেন, ‘এ প্রতিযোগিতায় অংশগ্রহণকারীরা আমাদের ভাই-বোন অথবা সন্তান। এরা আমাদের সমাজের অংশ এবং এ বড় অংশকে বাদ দিয়ে সমাজের উন্নয়ন সম্ভব নয়। গত বছরের প্রথম আয়োজনে আমাদের বিশ্ববিদ্যালয় সম্পৃক্ত ছিল। এবারও এ আয়োজন ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকে অনুষ্ঠিত হচ্ছে। আগামীতেও এ আয়োজনের সঙ্গে থাকতে পারলে আমরা খুশি হব।’

আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, এ প্রতিযোগিতা দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে আইসিটি চর্চা ব্যাপকভাবে সম্প্রসারণ ঘটাবে এবং বর্তমান সরকার প্রতিশ্রুতি ডিজিটাল বাংলাদেশের উপযুক্ত মানবসম্পদ হিসেবে প্রতিবন্ধী ব্যক্তিদের গড়ে তুলতে অত্যন্ত সহায়ক হবে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), সেন্টার ফর সার্ভিসেস অ্যান্ড ইনফরমেশন অন ডিজঅ্যাবিলিটি (সিএসআইডি) ও ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ এ প্রতিযোগিতা আয়োজনে একসঙ্গে কাজ করছে। প্রতিযোগীরা চারটি ক্যাটাগরি যথাক্রমে- ক. দৃষ্টি প্রতিবন্ধী খ. শারীরিক প্রতিবন্ধী গ. বাক ও শ্রবণ প্রতিবন্ধী এবং ঘ. নিউরো ডেভেলপমেন্টাল ডিজএবিলিটি (এনডিডি) তে অংশগ্রহণ করছে। সব ক্যাটাগরিতে প্রতিযোগিদের মাইক্রোসফ্ট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট-বিষয়ক প্রশ্নের সমাধান করতে হবে। প্রত্যেক ক্যাটাগরি হতে সেরা তিনজনকে পুরস্কার হিসেবে অর্থ, ক্রেস্ট, সার্টিফিকেট ও কিছু আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হবে। চারটি ক্যাটাগরির মোট ১২ জন বিজেতা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করবে। পরবর্তীতে মূল্যায়নের মাধ্যমে নির্বাচিত উপযুক্ত চারজন প্রতিযোগীকে নিয়ে আন্তর্জাতিক প্রতিযোগীতার জন্য বাংলাদেশ দল গঠন করা হবে এবং তারা আন্তর্জাতিক প্রতিযোগীতায় অংশগ্রহণ করবে।

http://www.bbarta24.net/science-and-technology/33147